সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৯৭

তারিখ: ১৭ আশ্বিন , ১৪৩০ বঙ্গাব্দ
০২ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ২ অক্টোবর ২০২৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আয়োজনে 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ-২০২৩' উদযাপন উপলক্ষ্যে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। International Organization of Securities Commissions (IOSCO) এর সদস্য দেশ হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি) ২০১৭ সাল থেকে প্রতিবছর 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ' পালন করে আসছে। বিএসইসি'র মাল্টিপারপাস হলে বিকাল ৩:৩০ টায় উদ্বোধনী অনুষ্ঠানটি শুরু হয়। অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান ইমেরিটাস অধ্যাপক নজরুল ইসলাম।

অনুষ্ঠানের প্রারম্ভে স্বাগত বক্তব্য রাখেন বিএসইসি কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। অনুষ্ঠানে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন, "আজ বিশ্বজুড়েই হচ্ছে 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ'-এর এই আয়োজন। প্রতি বছরের মত আয়োজিত এই 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ' এর এবারের প্রধান প্রতিপাদ্য হলো ইনভেস্টর রেজিলিয়েন্স, ক্রিপ্টো অ্যাসেট এবং সাস্টেইনেবল ফাইন্যান্স।" বিনিয়োগকারীদের সচেতন করতে দেশ জুড়ে বিনিয়োগ শিক্ষা কার্যক্রম পরিচালনার কথা উল্লেখ করে তিনি বলেন, "২০১৭ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিনিয়োগ শিক্ষা কার্যক্রম উদ্বোধন করেন এবং তার ধারাবহিকতায় আমরা দেশের বিভিন্ন প্রান্তে গিয়ে দেশে বিনিয়োগের সম্ভাবনা ও ঝুঁকিসহ পুঁজিবাজারের নানাদিক সম্পর্কে জনসাধারণকে জানানোর চেষ্টা করছি।" তিনি বক্তব্যে ক্রিপ্টো অ্যাসেট ও এধরনের প্রোডাক্টের বিষয়ে আলোচনা করেন এবং দেশের পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের উন্নয়নে সংশ্লিষ্ট সকল অংশীজন ও প্রতিষ্ঠানের সমন্বিত উদ্যোগের মাধ্যমে কার্যক্রম পরিচালনার আহ্বান জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মো. সাইফুর রহমানের সঞ্চালনায় প্যানেল আলোচনায় অংশ নেন বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম, বিএমবিএ (BMBA) এর ভাইস প্রেসিডেন্ট মো. মনিরুজ্জামান, ডিবিএ (DBA) এর ভাইস প্রেসিডেন্ট মোঃ সাইফুদ্দিন এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) এর Chief Regulatory Officer (CRO) জনাব খায়রুল বাশার আবু তাহের মোহাম্মদ। প্যানেল আলোচনায় IOSCO ঘোষিত 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ' ২০২৩ এর প্রধান বার্তাগুলো তুলে ধরা হয় এবং দেশের বিনিয়োগকারীদের রেজিলিয়েন্ট বিনিয়োগকারীতে পরিণত করার নিমিত্তে বিএসইসি ও পুঁজিবাজার সংশ্লিষ্টদের বিভিন্ন উদ্যোগ, কার্যক্রম ও প্রচেষ্টার বিষয়ে আলোচনা করেন। এছাড়াও আলোচকবৃন্দ বিনিয়োগে ডাইভারসিফিকেশন বা বৈচিত্রায়ন, ইমার্জেন্সি ফান্ড সংরক্ষণ ও মার্জিন লোনের পরিকল্পিত ব্যবহার, বিনিয়োগকারীদের সক্ষমতা বৃদ্ধি ইত্যাদি বিষয়সহ দেশের বিনিয়োগকারীদের এবং পুঁজিবাজারের দীর্ঘমেয়াদী ও টেকসই উন্নয়নের নানা দিক নিয়ে আলোচনা করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান ইমেরিটাস অধ্যাপক নজরুল ইসলাম নিজের দীর্ঘ কর্মজীবনের স্মৃতিচারণ করেন এবং বাংলাদেশের স্বাধীনতা পূর্ব, স্বাধীনতা উত্তর এবং সাম্প্রতিক সময়ের অর্থনৈতিক প্রেক্ষাপট ও পরিবেশ সম্পর্কে মূল্যায়ন তুলে ধরেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু

শেখ মুজিবুর রহমান এবং বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা করে বলেন, "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা প্রাপ্তির মাত্র এক বছর পরেই একটি আনুষ্ঠানিক সংবিধান উপহার দিয়েছিলেন। বঙ্গবন্ধুর সুষ্ঠ পরিকল্পনার মাধ্যমেই ১৯৭৩ সালে দেশে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন হয়। আজকে আমরা ভিশন-২০৪১ এবং ডেল্টা প্ল্যান ২১০০ দেখছি যা হয়েছে বঙ্গবন্ধুরই যোগ্য উত্তরসূরী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরে।" তিনি আর্থিক পরিকল্পনা এবং ব্যবস্থাপনার প্রয়োজনের বিষয়ে আলোচনা করেন। বিনিয়োগ ও পুঁজিবাজারের সম্পৃক্ত বিষয়গুলো নিয়ে দেশের মানুষকে জানাতে ও সচেতন করতে পুঁজিবাজার সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান তিনি। তিনি দীর্ঘমেয়াদী পরিকল্পনার মাধ্যমে বাংলাদেশকে বঙ্গবন্ধুর সোনার বাংলায় পরিণত করতে পরিকল্পনা মাফিক কাজ করার আহ্বান জানান। এরপর তিনি 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০২৩' এর শুভ উদ্বোধন ঘোষণা করেন এবং বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহের সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে বিএসইসি চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম উদ্বোধনী অনুষ্ঠানে আগত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, "বাংলাদেশের মাথাপিছু আয় বাড়ছে, দেশের মানুষের ক্রয়ক্ষমতা বাড়ছে, জীবনযাত্রার মান বাড়ছে। তাই আমাদের সঞ্চয় ও বিনিয়োগের ও ভালো সময় এটি।" তিনি বিশ্বব্যাপী পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাদের আন্তর্জাতিক সংগঠন IOSCO এর ঘোষিত বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০২৩ এর মূল প্রতিপাদ্য বিষয়গুলোর আলোচনা করেন এবং দেশের সর্বত্র বিনিয়োগ, সঞ্চয়, রিটার্ন ইত্যাদি নানা বিষয়সহ বিনিয়োগকারী সপ্তাহের বার্তাগুলো পৌছে দেয়ার কথা বলেন। বাংলাদেশের উন্নয়নের জন্য বিনিয়োগ প্রয়োজন এবং বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির জন্য ব্রান্ডিং এর মাধ্যমে বহির্বিশ্বে দেশের সুযোগ ও সম্ভাবনার কথা তুলে ধরে বাংলাদেশের সম্পর্কে ভালো ধারণা ও ভাবমূর্তি প্রতিষ্ঠার গুরুত্বের বিষয়ে আলোকপাত করেন তিনি। সাম্প্রতিক সময়ে আর্থিক কিংবা প্রাকৃতিক নানা সংকটকালীন সময়েও বাংলাদেশের অর্থনীতির অব্যাহত প্রবৃদ্ধির কথা উল্লেখ করে তিনি বলেন, "আমরা রেজিলিয়েন্স প্রতিষ্ঠা করতে পেরেছি বলেই আমরা প্রবৃদ্ধি ধরে রাখতে এবং উন্নয়ন অব্যাহত রাখতে পেরেছি।" তিনি বাংলাদেশের মানবসম্পদ, ভূমি এবং সম্ভাবনাময় ব্লু ইকোনমিতে বিনিয়োগের আহ্বান জানান। তিনি দেশকে এগিয়ে নিতে সবাইকে আরো শেখা ও জানার পরামর্শ দেন এবং স্মার্ট বাংলাদেশ গড়তে কাজ করতে বলেন।

অনুষ্ঠানে ধন্যবাদ বক্তব্যে বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আবদুল হালিম অনুষ্ঠানের প্রধান অতিথি অধ্যাপক নজরুল ইসলাম এর প্রশংসা করেন এবং দেশের অর্থনৈতিক প্রেক্ষাপটে পুঁজিবাজার সংশ্লিষ্টদের করনীয় সম্পর্কে মূল্যবান পরামর্শের জন্য ধন্যবাদ জানান। বাংলাদেশে ব্যাপক সংখ্যক মানুষকে পুঁজিবাজারে সম্পৃক্ত করা এবং বিনিয়োগে নিয়ে আসার সুযোগ রয়েছে এবং দেশে বিনিয়োগ শিক্ষা আরো ছড়িয়ে দেয়া প্রয়োজন বলে জানান তিনি। তিনি অনুষ্ঠানে উপস্থিত সকলের প্রতি এবং বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০২৩ আয়োজনের সাথে সম্পৃক্ত সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


World Investor Week 2023
Opening Ceremony
Chief Guest
Emeritus Professor Nazrul Islam
Professor Shibli Rubayat-Ul-Islam
Chairman, Bangladesh Securities and Exchange Commission
October 02, 2023


World Investor
Opening Ceremony


বিনিয়োগ সমৃদ্ধ আগামী
World Investor Week
Opening Ceremony


বিনিয়োগের
World Investor Week 2023
Opening Ceremony
Emeritus Professor Nazrul Islam
Former Chairman, University Grants Commission of Bangladesh


বিনিয়োগের
World Investor Week 2023
Opening Ceremony
Chief Guest
Emeritus Professor Nazrul Islam
Former Chairman, University Grants Commission of Bangladesh
Chair
Professor Shibli Rubayat-Ul-Islam
Chairman, Bangladesh Securities and Exchange Commission
October 02, 2023
WORLD INVESTOR WEEK 2023
Securities and Exchange Commission

